



পররাষ্ট্র উপদেষ্টা

HON'BLE ADVISER FOR  
FOREIGN AFFAIRS

## বাণী

আজ অমর একুশে ফেব্রুয়ারি। মহান শহীদ দিবস। আজকের এই মহান দিনে ঐতিহাসিক ভাষা আন্দোলনের শহীদদের প্রতি আমি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করছি। কামনা করছি তাদের রুহের মাগফেরাত।

ভাষা আন্দোলন আমাদের জাতীয় জীবনে এক অবিস্মরণীয় অধ্যায়। আমাদের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির সাথে রয়েছে এর নিবিড় ও গভীর সম্পর্ক। মূলতঃ আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক বৈষম্যের বিরুদ্ধে একুশে ফেব্রুয়ারি ছিল প্রথম রক্তক্ষয়ী প্রতিবাদ; যা পরবর্তীকালে চূড়ান্ত স্বাধীনতা আন্দোলনে রূপ নেয়। তারই ধারাবাহিকতায় বাংলাদেশ বিশ্ব মানচিত্রে একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে।

ভাষার জন্য বাঙালী জাতির আত্মত্যাগ ও সংগ্রামের স্বীকৃতি হিসেবে ইউনেস্কো, একুশে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করেছে। ফলে আমাদের একুশে আজ বিশ্বের দরবারে সুপ্রতিষ্ঠিত। বাংলা ভাষার মর্যাদা সমুন্নত রাখতে বিভিন্ন সময়ে যারা অবদান রেখেছেন এবং একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে প্রতিষ্ঠার ক্ষেত্রে দেশে ও প্রবাসে বাংলাদেশীরা যে আন্তরিক প্রয়াস চালিয়েছেন সেজন্য আমি তাঁদের সকলকে ধন্যবাদ জানাই।

মহান একুশের শহীদদের স্বপ্ন ছিল ভাষা, শিক্ষা, সংস্কৃতির বিকাশ এবং আর্থসামাজিক সমৃদ্ধি অর্জনের মাধ্যমে সুশাসন ও ন্যায়বিচার ভিত্তিক, একটি আধুনিক, গণতান্ত্রিক ও মর্যাদাসম্পন্ন বাংলাদেশ গঠন করা। এ লক্ষ্যে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে চলেছে।

আমি মহান শহীদ দিবসে দেশবাসী ও বিদেশে অবস্থানরত সকল বাংলাদেশীকে আন্তরিক অভিনন্দন জানিয়ে দেশের মর্যাদা সংরক্ষণ এবং দেশ গঠনের কাজে এগিয়ে আসার আহ্বান জানাই।

(ড. ইফতেখার আহমদ চৌধুরী)